# ট্রাফিক আইন ভাঙায় বিমানমন্ত্রীর গাড়ির বিরুদ্ধে দুই মামলা



ছবি: সংগৃহীত

রাজধানীতে ট্রাফিক আইন লঙ্ঘনের অভিযোগে বেসামরিক বিমান পরিবহন ও পর্যটনমন্ত্রী এম রশিদুজ্জামান মিল্লাতের ব্যবহৃত গাড়ির বিরুদ্ধে দুটি মামলা করেছে ঢাকা মহানগর পুলিশের (ডিএমপি) ট্রাফিক বিভাগ। দুটি মামলায় মোট ৬ হাজার টাকা জরিমানা করা হয়েছে।

বৃহস্পতিবার (৩ সেপ্টেম্বর) সকালে রাজধানীর সার্কিট হাউজ রোডে লেন লঙ্ঘনের ঘটনা ঘটে। পরে সচিবালয়ের সামনে গাড়িটি থামিয়ে মামলা দেয় ট্রাফিক পুলিশ। ডিএমপির ট্রাফিক বিভাগের একজন শীর্ষ কর্মকর্তা বিষয়টি নিশ্চিত করেছেন।

তিনি বলেন, সকাল ৯টা ৮ মিনিটের দিকে সার্কিট হাউজ সড়ক দিয়ে যাওয়ার সময় গাড়িটি লেন ভেঙে চলাচল করছিল। এতে স্বাভাবিক যান চলাচলে বাধার সৃষ্টি হয়। বিষয়টি দেখে দায়িত্বরত ট্রাফিক পুলিশের একজন কর্মকর্তা গাড়িটি থামান। পরে উর্ধ্বতন কর্মকর্তাদের উপস্থিতিতে গাড়িটির বিরুদ্ধে দুটি মামলা করা হয়।

ওই কর্মকর্তা বলেন, লেন লঙ্ঘন করে গাড়িটি সচিবালয়ের দিকে যাচ্ছিল। গাড়িটির নম্বর ঢাকা মেট্রো-ঘ ১৮-২১২৫। চালককে জানানো হয়, এভাবে লেন ভেঙে গাড়ি চালানো ঢাকা মেট্রোপলিটন পুলিশের আইনের লঙ্ঘন।

এ ঘটনায় গাড়িটির বিরুদ্ধে দুটি মামলা দেওয়া হয়েছে। প্রতিটি মামলায় ৩ হাজার টাকা করে মোট ৬ হাজার টাকা জরিমানা করা হয়েছে।

পরে জানা যায়, গাড়িটি বেসামরিক বিমান পরিবহন ও পর্যটনমন্ত্রী এম রশিদুজ্জামান মিল্লাতের ব্যবহৃত গাড়ি। ঘটনার সময় মন্ত্রী নিজেও গাড়িতে ছিলেন।

ট্রাফিক বিভাগের কর্মকর্তারা জানান, বাংলাদেশে লেন লঙ্ঘনের ঘটনায় কোনো মন্ত্রীর ব্যবহৃত গাড়ির বিরুদ্ধে মামলা হওয়ার ঘটনা এটিই প্রথম। অতীতে দ্রুত গন্তব্যে পৌঁছানো বা যানজট এড়াতে মন্ত্রীদের গাড়ি উল্টো পথে চলাচলের ঘটনা বিভিন্ন সময় গণমাধ্যমে উঠে এলেও এ ধরনের ঘটনায় মামলা দেওয়ার নজির আগে দেখা যায়নি।